গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৮.১৪.০০৮.২৩.৫০ তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১
০২ মে ২০২৪

বিষয়: **"দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের ৩য় স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের ৩য় স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২-৫-২০২৪
মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৫১১৩৯
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪২৭৭
ইমেইল:
plan2.section@rdcd.gov.bd

বিতরণ :
১) সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) যুগ্ম সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৮) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৯) যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১০) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
১১) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর

১২) যুগ্ম-নিবন্ধক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, সমবায় অধিদপ্তর

১৩) উপসচিব, উন্নয়ন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৪) প্রকল্প পরিচালক, "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।

১৫) উপ-প্রকল্প পরিচালক, "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা ।, ঢাকা

১৬) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৭) সিনিয়র সহকারী সচিব, এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৮) ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.rdcd.gov.bd

**বিষয়: সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের ৩য় স্টিয়ারিং সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোসাম্মৎ হামিদা বেগম
সিনিয়র সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সভার তারিখ : ১৭/০৪/২০২৪ খ্রি.
সময় : বিকাল ০৩:৩০ ঘটিকা।
স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি : 'পরিশিষ্ট-ক'।

**২.০ উপস্থাপনা ও আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য উপসচিব (পরিকল্পনা শাখা-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে অনুরোধ জানান। উপসচিব (পরিকল্পনা শাখা-২) সভাকে অবহিত করেন যে, সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" প্রকল্পটি মোট ১৫৬৮৮.২৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই-২০২২ হতে জুন-২০২৬খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। এই প্রকল্পের সুবিধাভোগীর সংখ্যা ৫,০০০ জন যার মধ্যে নারী ২০০০ জন এবং পুরুষ ৩০০০ জন। দেশের ৮টি বিভাগের ৩৮টি জেলার ৫০টি উপজেলায় প্রকল্পটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। উপসচিব (পরিকল্পনা শাখা-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রকল্প পরিচালককে প্রকল্পের ২য় স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি, প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতির চিত্র এবং বিবিধ বিষয়সহ ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরার জন্য অনুরোধ করেন। প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন যা নিম্নরূপ:

**২.১ গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভায় জানানো হয়, ৩০-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। প্রেরিত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা সভায় অবহিতকরণের জন্য অনুরোধ করা হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো। |

**২.২ গত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভা গত ৩০-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করা হয়।

| ক্র. নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১. | ডিপিপিতিতে বকনা/গাভী ক্রয় সংক্রান্ত ঋণের কিস্তি পরিশোধের **গ্রেস পিরিয়ড (১২ মাস)** নির্ধারিত আছে। ডিপিপি সংশোধন সাপেক্ষে সমবায় অধিদপ্তর কর্তৃক | ডিপিপিতে বকনা/গাভী ক্রয় সংক্রান্ত ঋণের কিস্তি পরিশোধের **গ্রেস পিরিয়ড (১২ মাস) এর পরিবর্তে** সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ |



৮

| ক্র. নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | বাস্তবায়নাধীন "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলার সমবায়ের কার্যক্রম বিস্তৃত (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের " আবর্তক সম্পদ সহায়তা তহবিলের পরিচালন নীতিমালার" ন্যায় বকনা/গাভী ক্রয় সংক্রান্ত ঋণের কিস্তি পরিশোধের **গ্রেস পিরিয়ড (১৫ মাস)** অনুসরণ করতে হবে। | কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলার সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের "আবর্তক সম্পদ সহায়তা তহবিলের পরিচালন নীতিমালার" ন্যায় বকনা/গাভী ক্রয় সংক্রান্ত ঋণের কিস্তি পরিশোধের **গ্রেস পিরিয়ড (১৫ মাস)** অনুসরণ করা হবে। |
| ০২. | ডিপিপি সংশোধনের নিমিত্ত পিআইসি সভায় সুপারিশকৃত ডিপিপি যাচাই করার জন্য ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক ডিপিপি সংশোধনের পর তা যাচাই-বাছাই করার নিমিত্ত নিম্নরূপ ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত কমিটি আগামী এক মাসের মধ্যে প্রতিবেদন পেশ করবেন। কমিটির গঠন নিম্নরূপ: (১) সভাপতি, যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, (২) সদস্য, পরিকল্পনা কমিশনের একজন প্রতিনিধি, (৩) সদস্য, আইএমইডি এর একজন প্রতিনিধি, (৪) সদস্য, যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা এবং (৫) সদস্য সচিব- প্রকল্প পরিচালক, দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প, সমবায় অধিদপ্তর,ঢাকা। | ডিপিপি সংশোধনের নিমিত্ত পিআইসি সভায় সুপারিশকৃত সিদ্ধান্ত মোতবেক ০৩(তিন) সদস্য বিশিষ্ট গঠিত কমিটি অনুমোদিত ডিপিপির বিভিন্ন সমস্যা, সীমাবদ্ধতা উল্লেখ পূর্বক উক্ত প্রতিবেদনটি যাচাই-বাছাই করার নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক গঠিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটির নিকট পেশ করা হয়েছে। উক্ত প্রতিবেদনটি যাচাই-বাছাই করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। |
| ০৩. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে চলমান/বিদ্যমান Integrated Digital Service Delivery Platform System (IDSDPS) সফটওয়্যার সংশ্লিষ্ট প্রকল্পে ব্যবহার করতে হবে। | প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রমে Integrated Digital Service Delivery Platform System (IDSDPS) সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে। |
| ০৪. | অডিও, ভিডিও ও চলচিত্র নির্মাণ এক ধরণের ডকুমেন্টেশন। প্রকল্প মেয়াদের মাঝামাঝি সময়ে এগুলো বাস্তবায়ন করতে হবে। | অডিও, ভিডিও ও চলচিত্র নির্মাণ প্রকল্প মেয়াদের মাঝামাঝি সময়ে বাস্তবায়ন করা হবে। |
| ০৫. | সঠিক কর্মপরিকল্পনা নির্ধারণ করে বর্তমান অর্থবছরের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে। | সঠিক কর্মপরিকল্পনা নির্ধারণ করে বর্তমান অর্থবছরের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। |

**৩.০. প্রকল্প পরিচালক প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ উপস্থাপন করেন:**

**আর্থিক অগ্রগতি:**

- প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের আরএডিপিতে ৩৯৫.০০ লক্ষ (রাজস্ব-৩৯০.০০ লক্ষ ও মূলধন ৫.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং ৩৩৫.৭৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়। তন্মধ্যে জুন ২০২৩ পর্যন্ত ৩৩৩.৬৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়ের হার বরাদ্দের ৮৪.৪৭% ও ছাড়ের ৯৯.৩৮%। প্রাক্কলনের বিপরীতে ব্যয়ের হার ২.১৩%।



৮

- প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপিতে ৩০০০.০০ লক্ষ (রাজস্ব- ৩০০০.০০ লক্ষ ও মূলধন ০.০০ লক্ষ) (iBAS++ এ বরাদ্দ ২৯৯৮.৬০ লক্ষ টাকা) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ১ম, ২য় এবং ৩য় কিস্তিতে মোট ২৩৭০.১৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। মার্চ, ২০২৪ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৪২.৭২ লক্ষ টাকা যা বরাদ্দের ১.৪২%।
- জুলাই ২০২২ হতে মার্চ, ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৩৭৬.৩৮ লক্ষ টাকা।

**বাস্তব অগ্রগতি:**

| ক্র.নং | প্রকল্পের মূল কার্যক্রমের বাস্তব অগ্রগতি | | | |
|---|---|---|---|---|
| | **কার্যক্রম** | **২০২২-২৩ অর্থবছর** | **২০২৩-২৪ অর্থবছর** | **মন্তব্য/ অর্জন** |
| ০১ | সুবিধাভোগী নির্বাচন | ১৫০ জন | ১৬০০ জন | ৮০% |
| ০২ | সমবায় সমিতি গঠন | ৪টি | ৩৪টি | ৮৫% |
| ০৩. | প্রশিক্ষণ | ১৫০ জন | ৫০০ জন | ২৫% |
| ০৪. | ঋণ প্রদান | ১৫০ জন (৩ কোটি টাকা) | -- | ০৪টি উপজেলার ৩০০ জন সদস্যকে আবর্তক তহবিল থেকে ঋণ প্রদান কার্যক্রম প্রক্রিয়াধীন। |
| ০৫. | বেঞ্চমার্ক সার্ভে | -- | -- | সকল উপজেলায় এক যোগে বেঞ্চমার্ক জরিপ কার্যক্রম চলমান রয়েছে, যা অচিরেই সমাপ্ত হবে। |
| * ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ৩০০ জন সুবিধাভোগী নির্বাচন করে তাদেরকে দক্ষতা উন্নয়ন (গাভী পালন) নিবিড় প্রশিক্ষণ প্রদান সমাপ্ত হয়েছে এবং ১০০ জনকে দক্ষতা উন্নয়ন (গাভী পালন) রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>* অচিরেই মণিরামপুর ১০০ জন, মিঠাপুকুর ৫০ জন, মাধবপুর ৫০ জন এবং মেলান্দহ ১০০ জনকে ঘূর্ণায়মান ঋণ প্রদান করা হবে। | | | | |

**৪.০ প্রকল্প পরিচালক প্রকল্পের বিবিধ বিষয়সহ ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা নিম্নরূপ উপস্থাপন করেন:**

**কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪**

**(২০২৩-২৪ অর্থবছরের আরএডিপি অনুযায়ী)**

**(লক্ষ টাকা)**

| ক্র. নং | খাতের বিবরণ | ডিপিপিতে মোট লক্ষ্যমাত্রা | **কার্যক্রম (সংখ্যা/পরিমাণ)** | **কার্যক্রম (সংখ্যা/পরিমাণ) ২০২৩-২০২৪ অর্থবছর** | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | **অর্জন (২০২২-২৩)** | **ব্যয় (২০২২-২৩)** | **লক্ষ্যমাত্রা (২০২৩-২৪)** | **আরএডিপি তে বরাদ্দ** | **অর্জন** |
| ১ | সুবিধাভোগী নির্বাচন | ৫০০০ জন | ১৫০ জন | - | ২০০০ জন | - | ১৬০০ জন (বাকি কাজ অচিরেই সমাপ্ত হবে) (৮০%) |
| ২ | সমিতি গঠন | ১০০০টি | ৪টি | - | ৪০টি | - | ৩৪টি (৮৫%) |
| ৩ | প্রশিক্ষণ | ৪০৮টি | ৬টি ব্যাচ | ৯.০০ | ৮০টি ব্যাচ | ১২০.০০ | ২০টি ব্যাচ (প্রতি ব্যাচ ২৫ জন) (২৫%) |
| ৪ | ঋণ বিতরণ | ১০০০০.০০ | ১৫০ জন | ৩০০.০০ | ১৪০০ জন | ২৮০০.০০ | -- |
| ৫ | অন্যান্য | - | - | - | - | ৮০.০০ | -- |
| মোট= | | | **আরএডিপি অনুযায়ী** | | | ৩০০০.০০ | -- |

## ৫.০ বিবিধ বিষয়সমূহ:

| ক্র. নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা |
|---|---|---|
| ০১. | প্রশিক্ষণ | অনুমোদিত ডিপিপিতে দক্ষতা উন্নয়ন (গাভী পালন) নিবিড় প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন (গাভী পালন) রিফ্রেশার্স প্রশিক্ষণ এবং কৃত্রিম প্রজনন কর্মী বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর সংস্থান রয়েছে। কিন্তু সমিতি ব্যবস্থাপনা, সমিতি অডিট, দুগ্ধ পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ এবং ভার্মি কম্পোস্ট/ট্রাইকোডার্মা প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা নেই। কাজেই প্রকল্পের সার্বিক দিক বিবেচনা করে উক্ত প্রশিক্ষণগুলো অন্তর্ভুক্ত করা প্রয়োজন যাতে করে সদস্যগণ সার্বিকভাবে উপকৃত হয়। উক্ত বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধিও একমত পোষণ করেন। |
| ০২. | দুগ্ধ পণ্য উৎপাদন যন্ত্রপাতি ও সরঞ্জাম | হেইফার সেন্টারের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জাম এর সংস্থান থাকলেও যে সমস্ত সমবায়ীগণ দুগ্ধ পণ্য উৎপাদনে উৎসাহী তাদের জন্য কোনরূপ দুগ্ধ পণ্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ সরবরাহের সংস্থান নেই। তাদের জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি স্বল্প মূল্যের যন্ত্রাংশ সরবরাহের প্রস্তাব পেশ করেন। |
| ০৩. | প্যারাভেট ও কৃত্রিম প্রজনন বিষয়ে প্রশিক্ষণ যোগ্যতা | অনুমোদিত ডিপিপিতে প্যারাভেট ও কৃত্রিম প্রজনন বিষয়ে প্রশিক্ষণ যোগ্যতা হিসেবে কমপক্ষে বিজ্ঞান বিভাগে জিপিএ ৩.০০ সহ এইচএসসি পাশ এর কথা বলা হয়েছে। কিন্তু পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়াতে কথা বলে জানা গিয়েছে যে, উক্ত প্রশিক্ষণের জন্য শুধু বিজ্ঞান বিভাগই নয় অন্যান্য বিভাগে পাশকৃত সদস্যগণও অংশগ্রহণ করতে পারবেন। কাজেই এই বিষয়ে শিথীলতা আনয়ন প্রয়োজন। |
| ০৪. | উপজেলা পর্যায়ে প্রকল্পের কাজে কর্মচারী সংযুক্তকরণ অথবা অতি: দায়িত্ব অর্পণ | প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম সঠিক ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রকল্প সংশ্লিষ্ট উপজেলা সমবায় কার্যালয়ে কর্মচারী ঘাটতি পূরণ অথবা জেলা সমবায় কার্যালয় হতে একজন পরিদর্শক/সমমান পর্যায়ের কর্মচারীকে উক্ত কর্মচারী ঘাটতি উপজেলায় সংযুক্তকরণ অথবা অতি: দায়িত্ব প্রদানের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিতকরণ আবশ্যক এবং তাদের এই অতিরিক্ত কাজের জন্য সম্মানীর সংস্থানও আবশ্যক। |
| ০৫. | ডিএলএস এর সাথে (MoU): | অনুমোদিত ডিপিপিতে মিল্ক ভিটা কর্তৃপক্ষ এর সাথে (MoU) থাকলেও বেশ কিছু উপজেলায় মিল্ক ভিটার কার্যক্রম নেই। উক্ত উপজেলাসহ অন্যান্য উপজেলায় প্রাণিটিকা ও ঔষধ এবং বীজ (ফডার) ও চারা প্রদানসহ বকনা/ গাভীর পরিচর্যা কার্যক্রম সঠিক ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সহযোগিতার প্রয়োজন হয়ে থাকে। এজন্য ডিএলএস এর সাথে (MoU) সমঝোতা স্মারক সম্পাদন করা আবশ্যক। |
| ০৬. | বিবিধ | সমবায় সমিতি পর্যায়ে ভার্মি কম্পোস্ট বা ট্রাইকোডার্মা তৈরির নিমিত্ত প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট দেওয়ার জন্য প্রাণিসম্পদ দপ্তরের সম্মানিত প্রতিনিধি সভায় প্রস্তাব পেশ করেন। |

## ৬.০ সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৬.১ গঠিত দুগ্ধ সমবায় সমিতির সঠিক ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমিতি ব্যবস্থাপনা, সমিতি অডিট, দুগ্ধ পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ এবং ভার্মি কম্পোস্ট/ট্রাইকোডার্মা বিষয়ক প্রশিক্ষণসমূহ ডিপিপি সংশোধনের সময় অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.২ দুগ্ধ সমবায় সমিতির সদস্য কর্তৃক দুগ্ধজাত পণ্য উৎপাদনের নিমিত্তে স্বল্প পরিসরে দুগ্ধজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রপাতি ও সরঞ্জাম ডিপিপি সংশোধন সময় সংযোজন করতে হবে।

৬.৩ ডিপিপিতে উল্লেখ্য প্যারাভেট ও কৃত্রিম প্রজনন বিষয়ে প্রশিক্ষণের যোগ্যতা হিসেবে কমপক্ষে বিজ্ঞান বিভাগে জিপিএ ৩.০০ সহ এইচএসসি পাশ এর স্থলে ন্যূনতম যোগ্যতা এসএসসি পাশ তবে বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার দেওয়া হবে এবং জিপিএ এর ক্ষেত্রে বাধ্যবাধকতা রাখার প্রয়োজন নেই। উক্ত প্রশিক্ষণের বিষয়ে RDA এর পরামর্শ ও সহযোগিতা নিতে হবে।

৬.৪ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমে সার্বিক সহযোগিতা নিশ্চিত করার জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে।

৬.৫ সমবায়ীদের ভার্মি কম্পোস্ট/ট্রাইকোডার্মা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান এবং প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট দেওয়ার বিষয়টি ডিপিপি সংশোধনের সময় বিবেচনা করা যেতে পারে।

৬.৬ বার্ষিক কর্মপরিকল্পনার ভিত্তিতে প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।

৭.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪।৪।২০২৪

**(মোসাম্মৎ হামিদা বেগম)**
সিনিয়র সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।